



বীর শহীদ মো: ইউসুফ

জন্ম তারিখ:	১ জানুয়ারি, ০০০১
শাহাদাতের তারিখ:	৫ আগস্ট, ২০২৪
বিভাগ:	চট্টগ্রাম
জেলা:	চট্টগ্রাম

শহীদের সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত

পেশা: দিনমজুর,

শাহাদাতের স্থান : চকবাজার মেডিকেল হাসপাতাল

শাহাদাতের বিস্তারিত ঘটনা ও ইতিহাস

নিহত ইউসুফের বাড়ি চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলার পাটরিহাট ইউনিয়নের পশ্চিম ডলার গ্রামে। তিনি ওই গ্রামের দিনমজুর মো: ইউনুস ও সখিনা বেগমের সন্তান। তার জন্ম নিজ গ্রামে। তার বয়স হয়েছিলো ৩৬ বছর। তিনি বিবাহিত ছিলেন। বর্তমানে তার স্ত্রী এবং ৩ সন্তান তার বাবা মায়ের সাথে তার গ্রামের বাড়িতেই থাকেন। বর্তমানে তার স্ত্রী সাজেদা বেগম ৩ সন্তান কে নিয়ে মানবের জীবন অতিবাহিত করছেন

ঘটনা সংক্রান্ত বিবরণ

তিনি ৫ আগস্ট হাসিনা সরকার পতনের পরে স্থানীয় শহরে বিজয় মছিলে শরীক হয়েছিলেন। পরবর্তীতে তার পরিবার ইউসুফের কোন খোঁজ পাচ্ছিলেন না। রাত ১২ টায় চকবাজার মেডিকেল ইউসুফের মৃত্যু অবস্থায় থাকার সংবাদ পান শহীদের স্ত্রী সাজেদা বেগম। এছাড়া কোন এলাকায় এবং কোথায় গুলিবিদ্ধ হয় সে ব্যাপারে তার পরিবার কোন তথ্য পাননি।

হত্যার বিচার চাইলেন ইউসুফের পরিবার

শহীদের স্ত্রী সাজেদা বেগম বলেন আমার স্বামী খুব ভালো মানুষ ছিলেন সন্তানদের অনেক যত্ন করতেন তিনি ছিলেন আমার সংসারে একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। তার মৃত্যুতে আমার পরিবার অসহায় অবস্থায় দিন কাটাচ্ছে। আমার স্বামীকে যারা হত্যা করেছে আমি তাদের বিচার দাবি করছি

একনজরে শহীদের পরিচয়

নাম : মো: ইউসুফ

পেশা : দিনমজুর

বয়স : ৩৬ বছর

শহীদ হওয়ার তারিখ : ০৫ আগস্ট ২০২৪, আনুমানিক সন্ধ্যা ০৭.০০ টা

শাহাদাত বরণের স্থান : চকবাজার মেডিকেল হাসপাতাল

দাফন করা হয় : সামাজিক কবরস্থান (চট্টগ্রাম হাটহাজারী)

স্থায়ী ঠিকানা : গ্রাম- পশ্চিম ডলার, ইউনিয়ন- পাটরিহাট, উপজেলা- হাটহাজারী , জেলা- চট্টগ্রাম

পিতা : মো: ইউনুস

মাতা : সখিনা বেগম

ভাইবোনের বিবরণ:

১. মো: জুনায়েদ হোসেন, সম্পর্ক: ছেলে, বয়স: ১০ পেশা: ছাত্র-২য় শ্রেণি

২. আলিফা আক্তার, সম্পর্ক: মেয়ে, বয়স: ০৮, পেশা: ছাত্রী-২য় শ্রেণি

৩. আলিফ হোসেন, সম্পর্ক: ছেলে, বয়স: ০৩

প্রস্তাবনা

১. শহীদের পিতার জন্য কোন ব্যবসা প্রতিষ্ঠান করে দিলে উপকার হবে।

২. শহীদের পরিবারের বাসস্থান প্রয়োজন।

পবিত্র কুরআনের বাণী

আর যারা আল্লাহর পথে নিহত হয়েছে তাদেরকে কখনোই মৃত মনে করো না; বরং তারা জীবিত এবং তাদের রবের কাছ থেকে তারা জীবিকা-প্রাপ্ত হয়ে থাকে। (সূরা আল-ইমরান ৩:১৬৯)

হাদীস শরীফ

হজরত আবু হুরাইরা (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, “যে ব্যক্তি আল্লাহর কাছে আন্তরিকভাবে শাহাদাত কামনা করে, আল্লাহ তাকে শহীদের মর্যাদায় পৌঁছে দেন।” (সহীহ মুসলিম ১৮৮৮)

দোয়া পাঠ: ০ জন